# শিশু সুরক্ষা নীতিমালা

UDDIPTO

Est: 2003


## উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা

তালা, সাতক্ষীরা-৯৪২০, বাংলাদেশ।

মোবাইল: +৮৮০১৭৪৫-৯৫৩০২০, ই-মেইল: uddipto.org@gmail.com

*'জাতিসংঘ শিশু অধিকার সনদ' বাস্তবায়ন করতে বাংলাদেশ দায়বদ্ধ এবং অঙ্গীকার করেছ। এ প্রেক্ষিতে বেসরকারী উন্নয়ন সংস্থা, উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা শিশু সুরক্ষা নীতিমালা রয়েছে। যা নিম্নরূপঃ*

# উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থ

## শিশু সুরক্ষা নীতিমালা

ভূমিকা :

জাতিসংঘ শিশু অধিকার সনদে স্বাক্ষরকারী অন্যতম রাষ্ট্র হিসেবে বাংলাদেশ সকল শিশুকে যৌন নির্যাতনসহ সর্ব প্রকার শারীরিক বা মানসিক অত্যাচার, আঘাত বা নির্যাতন, অবহেলা, দুর্ব্যবহার বা শোষণ থেকে রক্ষা করতে অঙ্গীকারাবদ্ধ।

রাষ্ট্রের এই অঙ্গীকার বাস্তবায়নে কেবলমাত্র সরকারী উদ্যোগগুলিই যথেষ্ট নয়। এর সাথে বেসরকারী সংস্থা, প্রতিষ্ঠান, ব্যক্তি ও স্থানীয় সরকার সংস্থাসমূহের উদ্যোগ, শিশু সুরক্ষার অঙ্গীকার বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখতে পারবে। বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা রাষ্ট্রের এই অঙ্গীকার বাস্তবায়নে দায়ব উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা সকল কাজের মূলে রয়েছে শিশু নিরাপত্তার অভাব ও কল্যাণহীনতা সম্পর্কে উদ্বেগ এবং এই কারণে উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সকল স্তরের কর্মীকে অনুধাবন করতে হবে যে, শিশু মাত্রই বড়দের দ্বারা নির্যাতিত ও শোষিত হতে পারে।

<u>উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা কেন এই নীতিমালা গ্রহণ করছে :</u>

উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা মনে করে যে, শিশুর প্রতি কোন ধরণের নির্যাতন কোনভাবেই গ্রহণযোগ্য নয় এবং উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা শিশু নির্যাতন প্রতিরোধে পদক্ষেপ নিতে অঙ্গীকারাবদ্ধ। উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এ বিষয়ে নিশ্চিত যে, শিশু নির্যাতন বিশ্বব্যাপী একটি সমস্যা। নিজেদের এবং অন্যান্য সংস্থার অভিজ্ঞতার আলোকে অনুধাবন করা গেছে, শিশুর সঙ্গে কাজ করতে গেলে কোন না কোন সময় শিশু নির্যাতনের বিষয়গুলির মুখোমুখি হতে হবে। যেমন উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সংস্পর্শে আসা কোন শিশু তার মা-বাবা, পরিবারের সদস্য বা অন্য কোন বয়স্ক ব্যক্তি দ্বারা নির্যাতিত হবার অভিযোগ আনতে পারে। অথবা এমনও হতে পারে শিশু নির্যাতনকারী হিসেবে সন্দেহভাজন ব্যক্তি উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর কোন কর্মী বা কাজের সাথে যুক্ত।

সুতরাং উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সাথে যুক্ত প্রত্যেক ব্যক্তি শিশু নির্যাতনের বিষয়টি বোঝা এবং নির্যাতন প্রতিরোধ ও শিশুকে রক্ষার জন্য নিজ নিজ ভূমিকা সম্পর্কে কঠোরভাবে সচেতন হওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বর্তমান দলিলটি শিশুর সঙ্গে কাজ করা এবং শিশু নির্যাতনের বিষয়গুলি নিষ্পন্ন করার জন্য উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সাংগঠনিক নীতিমালা হিসেবে বিবেচিত হওয়ার জন্য উত্থাপন করা হয়েছে।

Jayonti Rani Das
E.D/ Secretary
UDDIPTO MOHILA UNNAYAN SANGSTHA
Sujanshaha, Tala-Satkhira

Chairman
Uddipto Mohala Unnayan Sangstha
Shojonshaha, Tala, Satkhira

নীতিমালার লক্ষ্য :

- *শিশু অধিকার ও নির্যাতন সম্পর্কে সংস্থা ও সংস্থার বাইরেও সচেতনতা সৃষ্টি করা।*
- *যেকোন প্রকার শিশু নির্যাতন প্রতিরোধ, সাড়া দেয়া কিংবা প্রতিবেদন প্রকাশের জন্য সকল কর্মী ও অন্যান্যদের কাছে প্রত্যাশা ব্যক্ত করে নির্দেশনা প্রদান।*

আমাদের শিশু বিষয়ক মূলনীতি :

- *শিশুদেরকে নির্যাতন ও শোষনের ব্যাপারটি পৃথিবীর প্রত্যেকটি দেশে ঘটে চলেছে। নির্যাতন রোধ তাদের অধিকারের সাথে জড়িত।*
- *জাতিসংঘ ঘোষিত শিশু সনদ বাস্ত্ববায়নের মাধ্যমে শিশু অধিকার নিশ্চিত করতে হবে যা নির্যাতন ও শোষণ থেকে শিশুকে রক্ষা করবে।*
- *শিশু নির্যাতন প্রতিরোধ ও অধিকার নিশ্চিতকরণে নিরাপদ রক্ষক হিসেবে কাজ করতে* উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা *প্রতিজ্ঞাবদ্ধ।*

কার্য প্রণালী / প্রক্রিয়া:

শিশু নির্যাতন / হয়রানি প্রতিরোধ করতে বৈশ্বিক নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর স্থানীয় কার্যপ্রণালী আছে। কার্যপ্রণালীটি উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর নীতি নির্ধারকগণ স্থানীয় আইনের আলোকে প্রস্তুত করেছেন।

উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সকল নিয়োগপত্র ও চুক্তিপত্রে এই মর্মে একটি ধারা সংযুক্ত করতে হবে যে, উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সাথে আপনার নিয়োগ/চুক্তি চলাকালীন সময়ে আপনি উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা শিশু সুরক্ষা নীতিমালা অনুযায়ী আচরণ করতে বাধ্য থাকবেন।" তাদের সাথে নীতিমালার একটি কপি দেয়া হবে এবং তারা একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করবেন (সংযুক্তি অনুযায়ী) যে তারা এই নীতিমালাটি গ্রহণ করেছেন, পড়েছেন এবং অনুধাবন করতে পেরেছেন।

পার্টনার বা সহযোগী সংস্থার সাথে চুক্তিপত্র বা মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) করার সময় একটি ধারা সংযুক্ত করতে হবে যে "কর্মী এবং পার্টনার প্রতিনিধি যারা উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা কর্মসূচির সাথে সম্পৃক্ত তারা উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা শিশু সুরক্ষা নীতিমালা অনুযায়ী আচরণ করতে বাধ্য থাকবেন।" পার্টনার সংগঠনের পরিচালক / প্রধান নির্বাহী বা তার মনোনীত ব্যক্তি সেই সংগঠনের সকল কর্মী বা প্রতিনিধিরা যে শিশু সুরক্ষা আচরণ বিধি ও স্থানীয় নিয়মাবলী মেনে চলছে তা নিশ্চিত করবেন।

স্থানীয় সংগঠন, স্থানীয় দলের সাথে চুক্তি করার সময় তাতে একটি ধারা অবশ্যই সংযুক্ত করতে হবে যে, উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর কর্মসূচির সাথে সম্পৃক্ত স্থানীয় স্বেচ্ছাসেবী, স্থানীয় প্রতিনিধিগণ উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর শিশু সুরক্ষা নীতিমালা অনুযায়ী আচরণ করতে বাধ্য থাকবেন। উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সাথে কাজ করার সময়ে প্রয়োগযোগ্য স্থানীয় প্রক্রিয়া অনুযায়ী স্থানীয় স্বেচ্ছাসেবী, স্থানীয় প্রতিনিধিগণ যে

Jayonti Rani Das
E.D/ Secretary
UDDIPTO MOHILA UNNAYAN SANGSTHA
Sujanshaha, Tala-Satkhira

Chairman
Uddipto Mohala Unnayan Sangstha
Shoionshaha, Tala, Satkhira

এই নীতিমালার নিয়মাবলী মেনে চলছে তা নিশ্চিত করার দায়িত্ব অর্পিত হবে স্থানীয় সংগঠন বা স্থানীয় দলের উপর।

**শিশু সুরক্ষা আচরণ বিধি** (উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা -এর কর্মকর্তা/কর্মীদের জন্য প্রযোজ্য):

যারা কাজের প্রয়োজনে শিশুদের সংস্পর্শে আসেন এমন উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সকল কর্মকর্তা/কর্মচারী এবং উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা কর্তৃক নিযুক্তদের জন্য পালনীয় :

- *ঝুঁকিপূর্ণ পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকা এবং তা আয়ত্ব করতে জানা;*
- *ঝুঁকিপূর্ণ পরিস্থিতি মোকাবেলার উপযোগী করে কাজ এবং কাজের ক্ষেত্রে পরিকল্পনা ও সম্পাদন করা;*
- *শিশুদের সাথে কাজ করার ক্ষেত্রে যতদূর সম্ভব নিজেকে দৃশ্যমান রাখা;*
- *এমন একটি উন্মুক্ত পরিবেশ নিশ্চিত করতে হবে যেখানে যে কোন ধরণের বিষয় বা যে কোন ধরণের তথ্য উত্থাপন করা এবং আলোচনা করা যায়।*
- *শিশুদের ক্ষমতায়ন-তাদের অধিকারসমূহ কি কি তা তাদের সাথে আলোচনা করা, কি গ্রহণযোগ্য, কি নয় বা কোন সমস্যার সম্মুখীন হলে তারা কি করবে তা তাদের জানানো।*

**কর্মকর্তা / কর্মী এবং অন্যান্যরা যা কখনই করবেন না:**

- *কোন শিশুকে আঘাত, শারীরিকভাবে অপমান বা মানসিকভাবে হয়রানি*
- *কোন শিশুর সাথে কোনরকম শারীরিক বা যৌন সম্পর্ক স্থাপন*
- *কোন শিশুর সাথে এমন কোন সম্পর্ক স্থাপন করা যা হয়রানি বা অপমান হিসেবে পরিগণিত হয়*
- *এমন কোন আচরন বা কাজ না করা যা কোন শিশুর জন্য হয়রানিমূলক বা হয়রানির কোনরকম সম্ভাবনা থাকতে পারে।*
- *এমন ভাষা প্রয়োগ, উপদেশ, পরামর্শ দেয়া যা অযাচিত, অশোভন বা হয়রানিমূলক*
- *শিশুরা নিজেদের ব্যক্তিগত কাজ যা তারা নিজেরাই করতে পারে, তাদের হয়ে সেই কাজ করা।*
- *ইচ্ছাকৃতভাবে এমন কোন কাজ না করা যা শিশুদের জন্য লজ্জা, অপমানজনক, মর্যাদাহানিকর, অশ্রদ্ধামূলক বা আবেগজনিত হয়রানির কারণ হয়।*
- *কোন শিশুর সাথে বৈষম্যমূলক বা ভিন্নরকম আচরণ করা বা সকলের মধ্যে নির্দিষ্ট কোন একজন শিশুকে আলাদা কোন রকম সুযোগ সুবিধা দেয়া।*

**প্রতীক ট্রাষ্টের সহযোগীদের করণীয়-**

- *ঝুঁকিপূর্ণ হতে পারে এমন পরিস্থিতি সম্পর্কে অবগত হওয়া এবং এমন পরিস্থিতি কিভাবে মোকাবেলা করতে/সামাল দিতে হয় তা জানা*

Jayonti Rani Das
E.D/ Secretary
UDDIPTO MOHILA UNNAYAN SANGSTHA
Sujanshaha, Tala-Satkhira

Chairman
Uddipto Mohala Unnayan Sangstha
Shoionshaha, Tala, Satkhira

- *এমন একটি পরিবেশ সৃষ্টিতে অবদান রাখা যেখানে শিশুরা অগ্রহণযোগ্য আচরণ বুঝতে পারে এবং নিজেদের অধিকার এবং উদ্বেগগুলি নিজেরা আলোচনা করতে সক্ষম বলে নিজেদের মনে করে।*
- *সম্ভবপর ক্ষেত্রে তারা (উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর সহযোগী) নিজেরা এবং অন্যরা যাতে শিশুদের সাথে খোলামেলাভাবে মিশতে পারেন তা নিশ্চিত করা।*
- *প্রযোজ্য স্থানীয় কার্যপ্রণালী অনুযায়ী সন্দেহজনক কোন অপব্যবহারের বিষয়টি তুলে ধরা।*

## শিশু নির্যাতন / হয়রানি নিয়ে কাজ করা :

স্থানীয় ভিত্তিতে শিশু নির্যাতন / হয়রানির অভিযুক্ত ঘটনা সংশিণ্ট উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর কার্যালয়ে জানাতে হবে। সংশিণ্ট উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর অফিস বিষয়টি স্থানীয় কর্তৃপক্ষকে জানাবেন এবং অন্যান্য পরবর্তী ব্যবস্থাসমূহ, যেমন ঘটনাটি সম্পর্কে দেশের শিশু সুরক্ষা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, নারী শিশু হলে নারী সংসদে (উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা -এর নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত) জানাবেন এবং ঘটনাটির গুর ত্ব ও গভীরতা বিবেচনা সাপেক্ষে আইন প্রয়োগকারী সংস্থাকে বিষয়টি অবগত করবেন বা ফৌজদারী মামলায় সহায়তা করাসহ অন্যান্য পদক্ষেপের ব্যাপারে কার্যকরী সিদ্ধান্ড় নেবেন।

যদি কোন কর্মী, সন্দেহভাজন শিশু নির্যাতন / হয়রানির সম্পর্কিত কোন 'বৈধ উদ্বেগ' উত্থাপন করেন এবং তদন্ড়ে তা যদি অমূলক প্রমাণিত হয়, সেক্ষেত্রে উক্ত কর্মীর বির দ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা যাবে না। তবে কোন কর্মী মিথ্যা এবং ক্ষতিকর অভিযোগ উত্থাপন করলে তাকে শাস্ড়ির সম্মুখীন হতে হবে। উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা কোন কর্মী শিশু নির্যাতন/হয়রানির সংক্রান্ড় কোন মিথ্যা বা ক্ষতিকর অভিযোগ উত্থাপন করলে, তার বির দ্ধে উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা বৈধ আইনী বা অন্য কোন ব্যবস্থা গ্রহণ করবে।

সাধারণ ক্ষেত্রে, কোন অভিযোগের তদন্ড় চলাকালীন সময়ে অপরাধ সংগঠনকারীকে / অভিযুক্ত ব্যক্তিকে উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা এর স্বাভাবিক সম্পর্ক থেকে সাসপেন্ড /বিলম্বিত করা হবে। অভিযোগ প্রমাণিত হলে উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা উক্ত সহযোগীর সাথে সব ধরণের সম্পর্ক ছিন্ন করবে।

## গোপনীয়তা :

শিশু নির্যাতন / হয়রানির অভিযোগ একটি মারাত্মক বিষয়। এই নীতি এবং স্থানীয় কার্যপ্রণালী অনুসরণ করার ক্ষেত্রে সকল পক্ষেরই গোপনীয়তা রক্ষা করা অপরিহার্য। যেসব তথ্য দ্বারা একটি শিশু বা একজন অভিযুক্তকে চিহ্নিত করা যায়, এমন তথ্য কেবলমাত্র "জানা-প্রয়োজন" ভিত্তিতে 'শেয়ার' করা যাবে। যতক্ষণ অভিযোগ সংগঠিত হয়েছে বলে প্রমাণিত না হবে, ততক্ষণ অবশ্যই 'অভিযুক্ত নির্যাতন/হয়রানিকারী' হিসেবে উলেণ্টখ করতে হবে।

উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা -এ কর্মরত অবস্থায়, যদি কেউ অপ্রীতিকর ব্যবহার বা উদ্বেগ সৃষ্টি করে তখন তা কর্তৃপক্ষকে দ্র ত অবগত করা হবে এবং তারাই সিদ্ধান্ড় নিবেন এ বিষয়ে কি করা যেতে পারে বা কি করবেন।

এই নীতিমালায় উদ্বৃত কোন ধারা, শব্দ, বাক্যের ব্যাখ্যা নিয়ে কোনরূপ অস্পষ্টতা দেখা দেয় বা এইরূপ কোন ধারা, শব্দ, বাক্যের ব্যাখ্যা বা সিদ্ধান্ড় এই নীতিমালায় না থাকে তবে সে ক্ষেত্রে প্রধান নির্বাহী / পরিচালক-এর ব্যাখ্যা ও সিদ্ধান্ড় চূড়ান্ড় বলে বিবেচিত হবে।

Jayonti Rani Das
E.D/ Secretary
UDDIPTO MOHILA UNNAYAN SANGSTHA
Shianshaha, Tala-Satkhira

Chairman
Uddipto Mohala Unnayan Sangstha
Shoionshaha, Tala, Satkhira

*(০২ জুলাই, ২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা -এর নির্বাহী পরিষদের সভায় অনুমোদিত)*

# অঙ্গীকারনামা

## শিশু সুরক্ষা নীতিমালার প্রতি

*আমি (নাম) ............................................................ শিশু সুরক্ষা নীতিতে উলেণ্টখিত মান এবং নির্দেশাসমূহ পড়েছি এবং বুঝেছি। আমি সেখানে উলেণ্টখিত নীতিসমূহের সাথে একমত পোষণ করছি এবং উদ্দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থার সাথে কাজ করার সময় শিশু সুরক্ষা নীতি ও অনুশীলনের বাস্ড়বায়নকে গুর—ত্বের সাথে গ্রহণ করছি।*

স্বাক্ষর

*নাম:*

*পদবী:*

*তারিখ:*

*(অফিস কতৃপক্ষ)*

Jayonti Rani Das
E.D/ Secretary
UDDIPTO MOHILA UNNAYAN SANGSTHA
Sujanshaha, Tala-Satkhira

Chairman
Uddipto Mohala Unnayan Sangstha
Shojonshaha, Tala-Satkhira